

নং-স্বাপকম/শুংখলা-১/১-১৭/২০০৬-৪৪০

তারিখঃ

২৪.০১.২০১৯

০৭.০৫.২০১২

**আদেশ**

যেহেতু, ডাঃ আবু সাঈদ প্রামানিক (৩৩০৯৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফেতলাল, জয়পুরহাট (প্রাক্তন মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, জয়পুরহাট) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অদক্ষতা', 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ আবু সাঈদ প্রামানিক (৩৩০৯৫)-কে ৩১.০৭.২০০৮ তারিখের শুংখলা-১/১-১৭/২০০৬/১০৭৯নং স্মারকমূলে সরকারী চাকুরি হতে বরখাস্ত করা হয়;

যেহেতু, ডাঃ আবু সাঈদ প্রামানিক (৩৩০৯৫) প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর আদালতে এটি-৩৯/২০০৯ মামলা দায়ের করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার বিজ্ঞ বিচারক ৩১.০৮.২০১০ তারিখের রায়ে মন্ত্রণালয়ের ৩১.০৭.২০০৮ তারিখের আদেশ বাতিল করতঃ তাকে চাকুরিতে পুনর্বহাল এবং বকেয়া বেতন-ভাতাদিসহ বিধি মোতাবেক যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদানের আদেশ প্রদান করেন;


যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার বিজ্ঞ বিচারকের ৩১.০৮.২০১০ তারিখের আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে ১২৪/২০১১নং আপীল মামলা দায়ের করা হলে বিজ্ঞ আদালত গত ১৬.১০.২০১১ তারিখের আদেশে মন্ত্রণালয়ের আপীল আবেদন না মঞ্জুর করেন;

সেহেতু, এক্ষেপে প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার ৩১.০৮.২০১০ তারিখের রায়ে পরিপ্রেক্ষিতে ডাঃ আবু সাঈদ প্রামানিক (৩৩০৯৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফেতলাল, জয়পুরহাট, (প্রাক্তন মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, জয়পুরহাট)-কে চাকুরিতে পুনর্বহাল করা হলো।

বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর আদেশ মোতাবেক তাকে চাকুরি হতে বরখাস্তের তারিখ ৩১.০৭.২০০৮ হতে কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময় কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

এ আদেশ জনস্বার্থে আদি করা হলো:

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মুহাম্মদ হুমায়ুন কবির)  
সিনিয়র সচিব

নং-স্বাপকম/শুংখলা-১/১-১৭/২০০৬-৪৪০/১২২


তারিখঃ

২৪.০১.২০১৯

০৭.০৫.২০১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিজুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৪। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। প্রধান হিসাবরক্ষক কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিভিল সার্জন, জয়পুরহাট
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৯। জেলা হিসাবরক্ষক কর্মকর্তা, জয়পুরহাট
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেতলাল, জয়পুরহাট
- ১১। উপজেলা হিসাবরক্ষক কর্মকর্তা, ফেতলাল, জয়পুরহাট
- ১২। ডাঃ আবু সাঈদ প্রামানিক (৩৩০৯৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফেতলাল, জয়পুরহাট (বর্তমান ঠিকানাঃ- এ/১৩, জয়পুরহাট হাটজিং এস্টেট, জয়পুরহাট)

  
(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৭২২৫২  
sasdisc1@mohfw.gov.bd